রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, এপ্রিল ২৩, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কৃষি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২ বৈশাখ, ১৪২১ বঙ্গাব্দ/১৫ এপ্রিল, ২০১৪ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ৬৩-আইন/২০১৪।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ **১৩৩** এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরনাম।**—এই বিধিমালা 'সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪' নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(২) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(৩) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা;

(৪) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(৫) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(৬) **"শিক্ষানবিস"** অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি; এবং

(৭) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়"** অর্থ আপাততঃ বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়ও ইহার অন্তর্ভুক্ত হইবে।



**মূল্য ঃ** টাকা ৮.০০

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করা হইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে (যদি থাকে) এবং নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরিতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে পদোন্নতির জন্য গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিসি**।—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসের মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে তাহাকে চাকুরিতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত বর্ধিত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা এবং প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন এবং প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **স্থানান্তর, রহিতকরণ ও হেফাজত।**—এই বিধিমালা জারীর সঙ্গে সঙ্গে—

**(১)** The Gazetted Officers (Development and Planning Wing of the Ministry of Agriculture) Recruitment Rules, 1976 এর অধীন নিয়োগপ্রাপ্ত—

(ক) 'Chief, Agro-Economics Research Section' পদটি **'উপ-প্রধান'**,

(খ) 'Agricultural Economist (Senior)' ও 'Agricultural Economist (Junior)' পদ দুটি **'কৃষি অর্থনীতিবিদ'**,

(গ) 'Research Officer (Senior)' ও 'Research Officer (Junior)' পদ দুটি **'গবেষণা কর্মকর্তা'**,

(ঘ) 'Survey Officer' পদটি **'পরিদর্শন কর্মকর্তা'**, এবং

(ঙ) 'Statistical Officer' পদটি **'পরিসংখ্যান কর্মকর্তা**

হিসাবে এই বিধমালায় স্থানান্তরিত পদ বলিয়া গণ্য হইবে, এবং উক্তরূপে স্থানান্তরিত পদাধিকারীগণের নিয়োগ, চাকুরি স্থায়ীকরণ, পদোন্নতি বা চাকুরি সংক্রান্ত অন্যান্য শর্তাবলী এমনভাবে অব্যাহত থাকিবে যেন উহা এই বিধিমালার অধীন সম্পন্ন হইয়াছে, এবং ক্ষেত্রমত, এই বিধিমালার বিধানাবলী প্রয়োজনীয় অভিযোজন সহকারে *(Mutatis Mutandis),* প্রযোজ্য হইবে;

(২) গেজেটেড ও ননগেজেটেড কারিগরী পদ (মন্ত্রণালয়) নিয়োগ বিধিমালা, ২০০৪ এতদ্দ্বারা রহিত হইবে; এবং

(৩) উপ-বিধি (২) এর অধীন রহিতকরণ সত্ত্বেও রহিতকৃত বিধিমালার অধীন নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক কোন কর্মকর্তা ও কর্মচারীর নিয়োগ, চাকুরি স্থায়ীকরণ, পদোন্নতি, চাকুরি সংক্রান্ত চুক্তি এবং শর্তাবলী বিষয়ে গৃহীত যে কোন কার্যক্রম বা শৃঙ্খলা বিরোধী যে কোন ব্যবস্থা এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উহা এমনভাবে চলমান বা অব্যাহত থাকিবে যেন উহা এই বিধিমালার অধীন নিষ্পন্নযোগ্য।

## তফসিল

[বিধি ২(২) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| (১) | উপ-প্রধান (কৃষি অর্থনীতিবিদ) | ৪০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি ঃ** কৃষি অর্থনীতিবিদ পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি। **সরাসরি নিয়োগ ঃ** (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি, কৃষি অর্থনীতি, অর্থনীতি বা পরিসংখ্যানে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; (খ) সরকারি বা স্বশাসিত সংস্থায় কৃষি বিষয়ক উপাত্ত বিশ্লেষণে অন্যূন ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং (গ) কৃষি, কৃষি অর্থনীতি, অর্থনীতি বা পরিসংখ্যান বিষয় সংশ্লিষ্ট ক্ষেত্রে পিএইচডি ডিগ্রিধারীগণ অগ্রাধিকার পাইবেন এবং অভিজ্ঞতা ২ (দুই) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য হইবে। |
| (২) | কৃষি অর্থনীতিবিদ | ৪০ বৎসর | (ক) ৩/৪ ভাগ পদোন্নতির মাধ্যমে; (খ) ১/৪ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং (গ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি ঃ** গবেষণা কর্মকর্তা, পরিসংখ্যান কর্মকর্তা বা পরিদর্শন কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি। **সরাসরি নিয়োগ ঃ** (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি, কৃষি অর্থনীতি, অর্থনীতি বা পরিসংখ্যানে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি; (খ) সরকারি বা স্বশাসিত সংস্থায় কৃষি বিষয়ক উপাত্ত বিশ্লেষণে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং (গ) কৃষি, কৃষি অর্থনীতি, অর্থনীতি বা পরিসংখ্যান বিষয় সংশ্লিষ্ট ক্ষেত্রে পিএইচডি ডিগ্রিধারীগণ অগ্রাধিকার পাইবেন এবং অভিজ্ঞতা ২ (দুই) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৩) | গবেষণা কর্মকর্তা | ৩০ বৎসর | (ক) ১/৩ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ২/৩ ভাগ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(গ) পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি ঃ** গবেষণা অনুসন্ধানী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগ ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি, কৃষি অর্থনীতি, গণিত, অর্থনীতি, ভূগোল, সমাজকল্যাণ বা পরিসংখ্যানে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ কৃষি বিষয়ক উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৪) | পরিদর্শন কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতি ঃ** গবেষণা অনুসন্ধানী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগ ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি, কৃষি অর্থনীতি, গণিত, অর্থনীতি, ভূগোল, সমাজকল্যাণ বা পরিসংখ্যানে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ কৃষি বিষয়ক উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৫) | পরিসংখ্যান কর্মকর্তা | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতি ঃ** গবেষণা অনুসন্ধানী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগ ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি, কৃষি অর্থনীতি, গণিত, অর্থনীতি, ভূগোল, সমাজকল্যাণ বা পরিসংখ্যানে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ কৃষি বিষয়ক উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| (৬) | গবেষণা অনুসন্ধানী | - | পদোন্নতির মাধ্যমে | সরেজমিনে তদন্তকারী পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরি বা পরিসংখ্যান সহকারী পদে অন্যূন ০৭ (সাত) বৎসরের চাকুরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| (৭) | সরেজমিনে তদন্তকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি, কৃষি অর্থনীতি, গণিত, অর্থনীতি, পরিসংখ্যান বা বাণিজ্যে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রি। |
| (৮) | পরিসংখ্যান সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কৃষি, কৃষি অর্থনীতি, গণিত, অর্থনীতি, পরিসংখ্যানে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রি। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. এস এম নাজমুল ইসলাম**
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd